

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪৬.১৯-৬৭৬

তারিখঃ ০৪ পৌষ ১৪২৬
১৯ ডিসেম্বর ২০১৯

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৮৫৬৯/২০১৯ মামলায় ১৮.০৯.১৯ তারিখের আদেশের আলোকে রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন চৌধুরাণী ফাতেহিয়া ফাজিল (ডিগ্রী) মাদরাসার অধ্যক্ষ জনাব মো: মুখলেছুর রহমান এর পদবী, বেতনস্কেল ও বেতন কোড সংশোধন বিষয়ক আবেদন।

সূত্র: চৌধুরাণী ফাতেহিয়া ফাজিল (ডিগ্রী মাদ্রাসার স্মারক নং-টো.ফা.মা-৬৯-৬১/১৯

তারিখ: ১১.১১.১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত আবেদনপত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন চৌধুরাণী ফাতেহিয়া ফাজিল (ডিগ্রী) মাদরাসায় জনাব মো: মুখলেছুর রহমান অধ্যক্ষ পদে যথাযথভাবে নিয়োগপ্রাপ্ত হয়ে গত ১২.০৪.১৪ তারিখে বর্ণিত প্রতিষ্ঠানে অধ্যক্ষ পদে যোগদান করা হয়।

০২। যোগদান পরবর্তীতে এমপিও-তে অধ্যক্ষ পদের বেতন কোডের পরিবর্তে প্রভাষক পদে ৭ম কোডে বেতনস্কেল মুদ্রিত হওয়ায় গত ০৮.০৪.১৯ তারিখে এমপিও শীটে পদবী, বেতন কোড ও স্কেল সংশোধনের জন্য (ছক মতে) মহোদয় বরাবর আবেদন করা হয়।

নাম, পদবী ও ইনডেক্স নং	ভুল পদবী, বেতন কোড ও স্কেল	সঠিক পদবী, বেতন কোড ও স্কেল
মো: মুখলেছুর রহমান অধ্যক্ষ ইনডেক্স নং-2000204	LEC-(07) 29000/-	PR-(04) 50,000/-

০৩। উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মো: মুখলেছুর রহমান কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮৫৬৯/২০১৯ দায়ের করা হয়। উক্ত রিট মামলায় গত ১৮.০৪.১৯ তারিখে যে রায় প্রদান করা হয়েছে, উক্ত রায়ের শেষাংশ নিম্নরূপ:

Accordingly, the Secretary, Ministry of Education, Madrasha and Karigori Division, Bangladesh Secretariat, Dhaka is directed to dispose of the representation/application dated 08.04.2019 submitted before him by the petitioner within a period of 30 (thirty) days from the date of receipt of this order in accordance with law.

০৪। উক্ত রিট মামলার রায়/আদেশের আলোকে অধ্যক্ষ জনাব মো: মুখলেছুর রহমান কর্তৃক এমপিও-তে তীর নাম, পদবী, বেতনস্কেল ও বেতন কোড সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য TMED এর সচিব মহোদয় বরাবর আবেদন করা হয়।

০৫। উল্লেখ্য, জনবল কাঠামো ও এমপিও নির্দেশিকা-২০১০ এর নীতিমালায় ফাজিল স্তরের এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষের বেতন কোড-০৪ উল্লেখ রয়েছে।

০৬। যেহেতু উক্ত রিট মামলায় ১৮.০৯.১৯ তারিখের আদেশে পিটিশনারের গত ০৮.০৪.১৯ তারিখের আবেদনটি (যা সচিব মহোদয় বরাবর দাখিল হয়েছিল) যথাসময়ে নিষ্পত্তি না হওয়ায় রিট মামলার উদ্ভব হয়েছে সেহেতু বর্ণিত রিট মামলার নির্দেশনা মোতাবেক পিটিশনারের ০৮.০৪.১৯ তারিখের আবেদনটি মাদ্রাসা শিক্ষা সংশ্লিষ্ট বিধায় মহোদয় কর্তৃক নিষ্পত্তি হওয়া আবশ্যিক।

০৬। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৮৫৬৯/১৯ মামলায় গত ১৮.০৯.১৯ তারিখের নির্দেশনা মতে পিটিশনারের ০৮.০৪.১৯ তারিখের আবেদনটি (০২ নং অনুচ্ছেদে বর্ণিত ছক মতে) নিষ্পত্তি করে পিটিশনারকে জানিয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মহামান্য আদালতকে (আইনগত সুযোগ থাকলে) অবহিতক্রমে আগামী ০৯.০১.২০ তারিখের মধ্যে TMED কে অবহিত করার নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো। সেসাথে কার্যক্রম গ্রহণের সুবিধার্থে রায়ের কপি সহ নিম্নোক্ত কাগজপত্রের কপি এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ক. রিট পিটিশন নং-৮৫৬৯/১৯ মামলার রায়ের কপি- ০৪ পাতা

খ. ০৮.০৪.১৯ তারিখের আবেদনপত্রের কপি-০১ পাতা।

গ. সূত্রোক্ত আবেদনপত্রের কপি-০১ পাতা।

মো: আ: খালেক মিঞা
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,

লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪। জনাব মো: মুখলেছুর রহমান, অধ্যক্ষ, চৌধুরাণী ফাতেহিয়া ফাজিল (ডিগ্রী) মাদরাসা, ডাক-চৌধুরাণী, উপজেলা-পীরগাছা, জেলা-রংপুর।

৫। মাস্টার কপি/অফিস কপি।